

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪ ১২৫

আগরতলা, ৮ ডিসেম্বর, ২০২৩

১০ ডিসেম্বর আন্তর্জাতিক মানবাধিকার দিবস

আগামী ১০ ডিসেম্বর আন্তর্জাতিক মানবাধিকার দিবস। এই দিনটিকে যথাযথ মর্যাদায় রাজ্য মানবাধিকার কমিশন রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ২ নং হলে উদযাপন করবে। আজ ত্রিপুরা মানবাধিকার কমিশনের কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে রাজ্য মানবাধিকার কমিশনের চেয়ারপার্সন বিচারপতি স্বপন চন্দ্র দাস জানান, রাজ্যভিত্তিক এই অনুষ্ঠানের উদ্বোধন করবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু। এবারের আন্তর্জাতিক মানবাধিকার দিবস উদযাপনের মূল ভাবনা ‘কনসোলিডেটিং অ্যান্ড সাস্টেনিং হিউম্যান রাইটস কালচার ইন টু দ্য ফিউচার’। অনুষ্ঠানে এছাড়া উপস্থিত থাকবেন রাজ্য মানবাধিকার কমিশনের চেয়ারপার্সন বিচারপতি স্বপন চন্দ্র দাস, আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা, মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. গঙ্গাপ্রসাদ প্রসাহন।

সাংবাদিক সম্মেলনে মানবাধিকার কমিশনের চেয়ারপার্সন জানান, ৩০ নভেম্বর ২০২৩ পর্যন্ত কমিশনের নিকট ৩৯০টি অভিযোগ জমা পড়েছিল। এরমধ্যে ৩৬৮টি অভিযোগের নিষ্পত্তি করা হয়েছে। তিনি বলেন, রাজ্য সরকার কমিশনের সবগুলি সিদ্ধান্তে সদর্থক ভূমিকা পালন করেছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন মানবাধিকার কমিশনের সদস্য বি কে রায় ও সুবীর চন্দ্র সাহা এবং মানবাধিকার কমিশনের সচিব রতন বিশ্বাস।
